

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮২০

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৩

চোয়ালের প্রথম অস্ত্রোপচার সফলভাবে করলেন রাজ্যের  
এবিভি রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের বিশেষজ্ঞ চিকিৎসকগণ

অটল বিহারি বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারে রাজ্যের চিকিৎসকগণ এই প্রথম ‘ফ্রি কেইস অব ফিবোলা মাইক্রো ভাসকুলার রিকনস্ট্রাকশন অব ম্যান্ডিবল’ অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন করেন। রীতা ত্রিপুরা (২৬) দক্ষিণ জেলার এক রোগিনী দাঁতের সমস্যায় দীর্ঘ ৬-৭ মাস যাবৎ ভুগছিলেন। তিনি ডান দিকের নিচের চোয়ালে দাঁতের মাড়িতে ব্যাথা সহ ফোলা নিয়ে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ এবং জিবিপি হাসপাতালে বর্হিবিভাগে চিকিৎসার জন্য আসেন। চিকিৎসকরা তখন মহিলার দাঁতের রোগ নির্ণয় করার জন্য যাবতীয় প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করেন। তাতে ওপিজি এক্সরে এবং সিইসিটি পরীক্ষায় রোগিনীর দাঁতের ওডোন্টোজেনিক টিউমার শনাক্ত করেন। তারপার হিস্টোপ্যাথলজি রিপোর্টে বিষয়টি নিশ্চিত হয়ে এই অস্ত্রোপচারের জন্য বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে এক টি মেডিক্যাল টিম গঠন করে। এই টিমে ছিলেন আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ এবং জিবিপি হাসপাতালের ডেনটিসট্রি ডিপার্টমেন্টের ইনচার্জ হেড অব অফিস ডাঃ কাহামনুক জমাতিয়া, প্লাসটিক সার্জন ডাঃ প্রীতম দাস এবং অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের হেড অব নেক অঙ্কোসার্জন ডাঃ অম্লান দেববর্মা ও অ্যানেস্থেসিওলজিস্ট ডাঃ মৃগাল দেববর্মা। সম্প্রতি রোগিনীকে অটল বিহারী বাজপেয়ী রেজিওন্যাল ক্যান্সার সেন্টারে ভর্তি করা হয় এবং ম্যান্ডিবল রিসেকশন করা হয় এবং ফ্রি ফাইবুলা ফ্ল্যাপ (লেগ এর বোন) মাইক্রোভাসকুলার রিকনস্ট্রাকশন অস্ত্রোপচার করা হয়। উল্লেখ্য এই পদ্ধতিতে এ ধরনের অস্ত্রোপচার রাজ্যে এই প্রথম করা হয়েছে। এরপর রোগিনীকে আইসিইউতে স্থানান্তরিত করা হয়। পরবর্তী সময় রোগিনীর অবস্থা ধীরে ধীরে উন্নতি হওয়ায় তাকে হাসপাতাল থেকে গত ৬ নভেম্বর ২০২৩ ছুটি দেওয়া হয়। রাজ্যেই চোয়ালের প্রথম অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন হওয়ায় রোগীর আত্মীয় পরিজনেরা অটল বিহারী বাজপেয়ী রেজিওন্যাল ক্যান্সার সেন্টারের চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

\*\*\*\*\*